শৈলকুপায় সড়ক দুর্ঘটনায় নিহত এক

শৈলকুপা উপজেলার ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের বড়দাহ মাদ্রাসা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় আরিফ শেখ (৬৫) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

নিহত ব্যক্তি শৈলকুপা উপজেলার ২ নং মির্জাপুর ইউনিয়নের রানীনগর গ্রামের বাসিন্দা। তিনি চড়িয়ারবিল মাধ্যমিক বিদ্যালয়ের দপ্তারির কাজ করেন।

স্থানীয় এলাকাবাসী সূত্রে জানা যায়, তিনি রাস্তা পার হচ্ছিলেন এমন সময় শ্যামলী পরিবহনের একটি গাড়ী এসে তাকে ধাক্কা দিয়ে চলে যায় এবং তিনি ঘটনাস্থলে নিহত হন।

শৈলকুপা থানা অফিসার ইনচার্জ জাহাঙ্গীর আলম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন

শৈলকুপায় সেনা সদস্য কর্তৃক মেডিকেল অফিসার লাঞ্চিত

শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ কিশোর কুমার কুন্ডুকে লাঞ্চিত করেছেন ছুটিতে বাড়িতে আসা নাজমুল হাসান নামে এক সেনা সদস্য। ঘটনাটি ঘটেছে রবিবার রাত ১ টার দিকে।

জানা যায়, নাজমুল হাসান নামের এক সেনা সদস্যের আত্মীয় রাত ১টার দিকে অসুস্থু অবস্থায় শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইমার্জেন্সীতে আসার পর এই সেনা সদস্য ডাঃ কোথায় বলে উচ্চস্বরে চিৎকার করতে থাকে এরপর ইমার্জেন্সীতে কর্তব্যরত ডাঃ কিশোর কুমার কুন্ডু হাজির হলে তার কলার ধরে গলা থেকে স্টেথোস্কোপ টেনে ছিড়ে ফেলে এবং অকথ্য ভাষায় গালিগালাজ করে তাকে লাঞ্চিত করে।

মেডিকেল অফিসার কিশোর কুমার কুন্ডু জানান, নাজমুল হাসান নামের এক সেনা সদস্য আমাকে চরমভাবে লাঞ্চিত করেছেন এবং ওয়ার্ড বয় সিরাজের মুখের মাস্ক ছিড়ে ফেলে, আমি এর বিচার চাই।

শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সের আর এমও ডাঃ সুজায়েত হোসেন বলেন, আমাদের স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ কিশোর কুমার কুন্ডুকে লাঞ্চিত করেছে নাজমুল হাসান নামে এক সেনা সদস্য। সেই সাথে আমাকে টেলিফোনে হুমকি দিয়েছে। এছাড়াও আমাদের অফিসের মূল্যবান কাগজপত্র ছিড়ে ফেলেছে। এটি খুবই দুঃখজনক ঘটনা, আমরা এর উপযুক্ত বিচার চাই।

এই সেনা সদস্য শৈলকুপার ছোট মৌকুড়ী গ্রামের আকিল উদ্দিনের ছেলে। সে রাঙামাটিতে ৭ বীরে কর্মরত আছে।

শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম জানান, থানায় অভিযোগ এসেছে, তদন্তপূর্বক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

এদিকে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ কিশোর কুন্ডুকে লাঞ্চিত করায় নিন্দার ঝড় উঠেছে বিভিন্ন মহলে।

শৈলকূপা পৌর নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থীর পক্ষে উপজেলা জাসদের সমর্থন প্রদান

আগামী ১৬জানুয়ারী পৌরসভার দ্বিতীয় ধাপের নির্বাচনে ঝিনাইদহের শৈলকূপা পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। সেই নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত নৌকা প্রতিকের প্রার্থী আশরাফুল আজিম আজমের পক্ষে নির্বাচন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে শৈলকূপা উপজেলা জাসদ।

গত শনিবার শৈলকুপা উপজেলা জাসদ ও পৌর জাসদের যৌথ সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খান স্বাক্ষরিত এক

প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানা যায়। লিখিত বক্তব্যে, শৈলকূপা পৌর সভায় জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের কোন প্রার্থী না থাকায় আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী আশরাফুল আজিম আজমকে ১৪দলীয় জোটের প্রার্থী হিসেবে পৌরসভার অন্তর্ভুক্ত জাসদের সকল নেতা কর্মীকে নৌকা প্রতীকের পক্ষে কাজ করার জন্য নির্দেশনার পাশাপাশি অনুরোধ জানিয়েছেন।

জমে উঠেছে শৈলকুপা পৌরসভা নির্বাচন

নির্বাচন উপলক্ষে প্রচার-প্রচারণা চালাচ্ছেন প্রার্থীরা। প্রচার-প্রচারণায় জমে উঠেছে ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার নির্বাচন। আগামী ১৬ জানুয়ারীর নির্বাচন ঘিরে প্রার্থীরা সকাল থেকে গভীর রাত পর্যন্ত ছুটছেন ভোটারদের দ্বারে দ্বারে। ভোটারদের মন জয় করতে দিচ্ছেন নানা উন্নয়নের প্রতিশ্রুতি।

বর্তমান মেয়র ও আওয়ামীলীগ প্রার্থী কাজী আশরাফুল আজম পৌরসভার বিভিন্ন এলাকায় নির্বাচনী প্রচারণা চালাতে দেখা গেছে। এছাড়া পৌরসভার ৯টি ওয়ার্ডে কাউন্সিলর প্রার্থীরাও নিজ নিজ এলাকায় প্রচারণা চালিয়ে যাচ্ছেন। প্রতীক বরাদ্দের পর থেকে পৌর শহরজুড়ে শোভা পাচ্ছে প্রার্থীদের পোস্টার। পোস্টারে ছেয়ে গেছে পৌর শহরের প্রধান প্রধান সড়ক ছাড়াও সকল অলিগলি।

নৌকা প্রতীকের মেয়র প্রার্থী কাজী আশরাফুল আজম বলেন, ২য় ধাপে শৈলকুপা পৌরসভার নির্বাচন হতে যাচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা নৌকা প্রতীক দিয়ে আমাকে পৌরবাসীর কাছে পাঠিয়েছেন। জনগণের ব্যাপক সাড়া পাচ্ছি। নৌকায় ভোট দেবে বলে তাদের কাছ থেকে সেই প্রতিশ্রুতিও পাচ্ছি। আমি জয়ের ব্যাপারে শতভাগ আশাবাদী।

আমি নির্বাচিত হলে জনগণ যে দুর্দশায় আছে, তা ঘোচাতে চেষ্টা করবোস্বতন্ত্র ও জগ মার্কার প্রার্থী মোঃ তৈয়বুর রহমান খানকে পৌরসভার বিভিন্ন জায়গায় প্রচারণা চালাতে দেখা যায় তিনি বলেন সুষ্ঠু নির্বাচন হলে আমি বিপুল ভোঠে বিজয়ী হব।

ধানের শীষের মেয়র প্রার্থী মো: খলিলুর রহমান নিরবে ভোট প্রচারণা চালিয়ে যাচ্ছেন। তিনি দল মত নির্বিশেষে সাধারণ জনগণ যাতে ভোট কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারে এ ব্যাপারে নিরাপত্তাসহ আইনশৃঙ্খলা পরিস্থিতি যেন ভাল থাকে সংশ্লিষ্টদের কাছে সেই প্রত্যাশা করেন।

জাতীয় পার্টি প্রার্থী আবু জাফরকেও ভোট প্রচার পচারণা কাজে ব্যস্ত দেখা যায়।

শৈলকুপা পৌরসভা নির্বাচনে মেয়র পদে ৪ জন, ৯টি ওয়ার্ডে কাউন্সিলর পদে ৩৬ জন ও সংরক্ষিত তিনটি মহিলা ওয়ার্ডে ১২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। ৯টি ওয়ার্ডের ১৫টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে ভোট গ্রহণ।

এবারই প্রথম ইভিএম পদ্ধতি অনুষ্ঠিত হতে যাচ্ছে শৈলকুপা পৌরসভার নির্বাচন। এবারের নির্বাচনে পৌরসভার সাধারণ ভোটারের সংখ্যা ২৮৬৩২। এর মধ্যে পুরুষ ভোটার ১৪ হাজার ১১৩। আর নারী ভোটার ১৪ হাজার ৫১৯ জন।

উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং কর্মকর্তা মো. জুয়েল আহাম্মেদ বলেন, সকল প্রার্থীকে নির্বাচনী আচরণবিধি মেনে প্রচার-প্রচারণা চালানোর নির্দেশনা দেয়া হয়েছে। নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করলে কাউকে ছাড় দেয়া হবে না।

সাংবাদিকদের সাথে শৈলকুপার আওয়ামী লীগের মেয়র প্রার্থীর মতবিনিময়

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার আওয়ামীলীগ মনোনিত প্রার্থী কাজী আশরাফুল আজমের সাথে শৈলকুপায় কর্মরত সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা সোমবার বেলা ২টায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ইলেকট্রনিক ও প্রিনাট মিডিয়ার বেশ কয়েকজন সাংবাদিক তাদের বক্তব্য

তুলে ধরেন।

পরে পৌর মেয়র প্রার্থী ও বর্তমান মেয়র কাজী আশরাফুল আজম তার বক্তব্যে বলেন, শৈলকুপা পৌর এলাকায় পুঞ্জীভূত সমস্যা সমাধানে আমি বদ্ধপরিকর। পৌর নাগরিকদের সার্বিক সুযোগ-সুবিধা প্রদানে কাজ করে যাচ্ছি। পানিবদ্ধতা নিরসন, যানজট, হাটবাজার উন্নয়ন, ড্রেনেজ সমস্যা দূরীকরণ, অবৈধ দোকানপাট ও স্থাপনা উচ্ছেদ, শিক্ষার উন্নয়ন এবং মাদকদ্রব্যের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণে আমি দৃঢ়প্রতিজ্ঞ।

পৗর মেয়র আরো বলেন, দুর্নীতিমুক্ত একটি আধুনিক পৌরসভা গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছি। শৈলকুপা পৌরসভার সার্বিক উন্নয়নে আমি সমাজের বিভিন্ন পেশাজীবীর সহযোগিতা ও ভোট কামনা করছি, আমার অসমাপ্ত কাজগুলো আমি পুনরায় নির্বাচিত হলে সম্পন্ন করবো। আমি বিশ্বাস করি ভোটাররা আবারও আমাকে ভোট দিয়ে জয়যুক্ত করবে।

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে তিনি আরও বলেন, আমি এই পৌরসভার প্রতিটি মানুষের অস্থিমজ্জ্বায় মিশে আছি। পরিশ্রম আমাকে আজ একটি ভালো স্থান দিয়েছে। নদী কেন্দ্রীক এই পৌর শহরকে সাজাতে একমাত্র সুষ্ঠ ও সুন্দর পরিকল্পনাই পারবে শেকর থেকে শিখরে নিয়ে যেতে। দল আমাকে সুযোগ দিয়েছে সেটাকে আরেকবার কাজে লাগাবো ইনশাআল্লাহ। উল্লেখ্য আগামী ১৬ই ডিসেম্বর ২য় ধাপে শৈলকুপা পৌরসভার নির্বচন অনুষ্ঠিত হবে।

শৈলকুপায় আওয়ামী লীগ নেতার বাড়ি থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার: আটক ২

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগ নেতা ও ইউপি চেয়ারম্যানের বাড়ি থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার করেছে পুলিশ। এসময় আটক করা হয়েছে ২ কারিগরকে।

শৈলকুপা উপজেলার ১০নং বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলামের বগুড়া গ্রামের বাড়ি থেকে গতকাল এসব উদ্ধার করা হয়। উদ্ধার করা দেশীয় অস্ত্রের মধ্যে রয়েছে ৪৭টি সড়কি, ১৯টি ঢাল ও ১১/১৩ কেজি বেতসহ এসব তৈরির অন্যান্য সরঞ্জাম।

এলাকাবাসী ও পুলিশ জানিয়েছে, শৈলকুপা উপজেলার বগুড়া ইউনিয়নে প্রায়শ্বই দেশীয় অস্ত্র ঢাল-সড়কি, তরবারি নিয়ে হানাহানি ও ক্যাইজা-দাঙ্গা চলে আসছে। গ্রাম্য দলাদলী, জমি নিয়ে বিরোধ ও আধিপত্য বিস্তার নিয়ে এসব অস্ত্র-শস্ত্র ব্যবহার করা হয়। এতে করে হতাহত, বাড়িঘর-ভাঙচুর, লুটপাট ও আইনশৃঙ্খলার অবনতি ঘটে আসছে।

শৈলকুপায় পৌর নির্বাচন, উপজেলা পরিষদ নির্বাচন ও ইউপি নির্বাচনকে সামনে রেখে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে তৎপর রয়েছে থানা পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে থানা পুলিশের সহযোগীতায় শৈলকুপার হাটফাজিলপুর ক্যাম্প পুলিশ গতকাল এক অভিযানে নেমে এসব দেশীয় অস্ত্র উদ্ধার করতে সক্ষম হয়।

শৈলকুপার হাটফাজিলপুর পুলিশ ফাঁড়ির আইসি এসআই ফারুক হোসেন জানান, বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান নজরুল ইসলামের বগুড়া গ্রামের পুরাতন বাড়ি থেকে এসব দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে। এসময় ২জন কারিগরকে ঘটনাস্থল থেকে আটক করা হয়।

এদিকে এ ঘটনা সম্পর্কে শৈলকুপার বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা নজরুল ইসলামের সাথে বারবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি তার মোবাইল ফোন রিসিভ করেননি।

নিখোঁজের ৭ দিন পর কৃষকের মরদেহ মিলল বাড়ির পাশের ডোবায়

ঝিনাইদহের শৈলকুপায় নিখোঁজের ৭ দিন পর পাড়ির পাশের একটি ডোবার কাদার নিচ থেকে উদ্ধার করা হয়েছে রিপন (২৮) নামের কৃষকের মরদেহ।

বুধবার ভোরে পরিবারের সদস্যরা ডোবার কাদার উপরে একটি হাত দেখতে

পায় এরপর তারা সনাক্ত করে কৃষক রিপনের মরদেহ।

রিপন ঝিনাইদহের শৈলকুপার ১২ নং নিত্যানন্দনপুর ইউনিয়নের চর রুপদহ গ্রামের মৃত আব্দুল বারিক বিশ^◌াসের ছেলে।

এ ঘটনায় শৈলকুপা থানায় পরিবারের পক্ষ থেকে একটি জিডি করা হয়েছিল। তবে এ ঘটনায় তার মেজো ভাই নান্নু পলাতক রয়েছে বলে জানান পুলিশ।

উপজেলার পদ্মনগর গ্রামের নজরুল ইসলাম জানান, তার শ্যালক রিপন দীর্ঘদিন মালেয়েশিয়া প্রবাসি ছিলেন। গত দেড় বছর আগে সে বাড়ি ফেরে। বাড়ি ফিরে সে নিজ জমিতে কৃষি কাজে নিয়োজিত হয়।

গত ৯ই ডিসেম্বর বুধবার রাত আনুমানিক সাড়ে ৮টার দিকে বাড়ির পাশ^বর্তী পূর্ব মাঠে জমিতে কেটে রাখা ধান পাহাড়া দিতে যায়। এরপর সে আর বাড়ি ফিরে আসেনি। ঘটনাটি জানাজানি হলে তার জমি থেকে রিপনের ব্যবহৃত মোবাইল ও গায়ের চাদর উদ্ধার করে স্বজনরা।

এরপর আজ বুধবার ভোরে নিখোঁজের ৭ দিন পর ডোবায় কাদা চাপা অবস্থায় তার মরদেহ উদ্ধার করা হলো।

শৈলকুপা থানার ওসি(তদন্ত) মহসিন হোসেন জানান, শৈলকুপার চর রুপদহ গ্রামে রিপন নামের এক কৃষকের মরদেহ উদ্ধার করা হয়েছে।

শৈলকুপায় বালি-শ্রমিকদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার কবিরপুর এলাকায় কর্মরত শীতার্ত বালি-শ্রমিকদের মাঝে গতকাল সোমবার সন্ধ্যায় কম্বল বিতরণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা।

এ সময় আরো উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিলুফা ইয়াসমিন, ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু।

বালি-শ্রমিক ইদ্রিস শেখ জানান, দীর্ঘ ১২ বছর যাবত তারা এ এলাকায়

অবস্থান করে আসছেন।

এই প্রথম কোন নির্বাহী কর্মকর্তা তাদের কে প্রধানমন্ত্রীর এ উপহার তুলে দিলেন। উন্নত মানের কম্বল পেয়ে সকল শ্রমিকের মুখে হাসির ঝিলিক লক্ষ্য করা গেছে।

যৌতুক না দেয়ায় শ্বশুর-শাশুড়ি ও স্ত্রীকে পেটালেন হুজুর

ঝিনাইদহের শৈলকুপায় এক হুজুরকে যৌতুকবাবদ গাড়ি কিনে না দেওয়ায় স্ত্রী, শ্বশুর ও শাশুড়িকে পিটিয়েছেন। ঘটনাটি ঘটেছে গত শুক্রবার।

জানা যায়, শৈলকুপার হাকিমপুর গ্রামের খলিলুর রহমানের ছেলে মওলানা মাহফুজুর রহমান হাকিমপুরী ২য় বিয়ে করেন শান্তিডাংগা গ্রামের আজিজুর রহমানের কন্যা হাফেজা ফাতেমা তাসলিমকে। সে শেখপাড়া বাস স্ট্যান্ড জামে মসজিদের ইমাম। সে ইমামতি পেশার সাথে বিভিন্ন এলাকায় ওয়াজ নসিয়ত করে বেড়ায়।

যার জন্য গাড়ি কেনার প্রয়োজন দেখা দেওয়ায় শ্বশুরের কাছে ২০ লক্ষ টাকা যৌতুক দাবী করে, শ্বশুর আজিবর রহমান এই টাকা দিতে ব্যর্থ হওয়ায় সে ক্ষিপ্ত হয়ে স্ত্রী, শ্বশুর ও শাশুড়িকে বেধড়ক পেটান।

বর্তমানে তারা শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়ে আছেন। শ্বশুর আজিবর রহমান বলেন, সে প্রায়ই আমার কাছে গাড়ি কেনাবাবদ ২০ লক্ষ টাকা যৌতুক দাবী করে আসছিল। কিন্তু আমি গরীব মানুষ হওয়ায় টাকা দিতে পারিনি।

এত টাকা আমি কোথায় পাবো। মওলানা মাহফুজুর রহমান বলেন, রাগের মাথায় আমি মারপিট করেছি, আমার ভুল হয়ে গেছে, আমাকে ক্ষমা করে দেন। এব্যাপারে শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম বলেন, অভিযোগ পেয়েছি, বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা নেয়া হবে।

উল্লেখ্য তার ১ম স্ত্রীর সাথে যৌতুকের কারণে কোর্টে মামলা চলছে।

শৈলকুপায় ধর্ষণ চেষ্টার মামলার প্রতিবাদে মানববন্ধন-বিক্ষোভ

জমি নিয়ে বিরোধের জেরে প্রতিপক্ষ কে ফাঁসাতে ৪বছরের শিশু কে জড়িয়ে মিথ্যা ধর্ষণ প্রচেষ্টার মামলা দেয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় ফুঁসে উঠেছে গ্রামবাসী। শত শত নারী-পুরুষ মানববন্ধন ও বিক্ষোভ করে ঘটনার প্রতিবাদ জানিয়েছে।

বৃহস্পতিবার বিকালে হরিহরা গ্রামের রাস্তায় এ বিক্ষোভ ও মানববন্ধন হয়। ঝিনাইদহের শৈলকুপা উপজেলা হরিহরা গ্রামে এ ঘটনা ঘটেছে। ধর্ষণ প্রচেষ্টার অভিযোগ আনা বিবাহিত যুবক নয়ন মন্ডল(২৪) ও শিশুটি সম্পর্কে মামাতো-ফুফাত ভাই-বোন ।

হরিহরা গ্রামে মানবন্ধনে অংশ নেয়া ছালেহা খাতুন, আন্না বেগম, মামুদ আলী, আব্দুল মামুন সহ কয়েকজন জানান, শিশু কে জড়িয়ে এমন মিথ্যা তারা মেনে নিতে পারছে না। যার বিরুদ্ধে অভিযোগ দেয়া হয়েছে তারা আপন আত্মীয়। বাড়ির জমা-জমি নিয়ে বিরোধে বিবাহিত এক যুবক কে ফাঁসানো হয়েছে। তারা মানববন্ধনে দাঁড়িয়ে ঘটনার সুষ্ঠ তদন্ত দাবি করেন । মানববন্ধন ও বিক্ষোভ থেকে আরো বলা হয়েছে, সুস্থ্য শিশুটির বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে তার স্বপক্ষে কোন প্রমাণ নেই। মিথ্যা স্বাক্ষী সাজানো হয়েছে। ঘটনার কয়েকদিনেও শিশুটিকে হাসপাতালে নেয়া হয়নি। শিশুটিকে ঝিনাইদহ হাসপাতালে নেয়া না হলেও মামলায় মিথ্যা তথ্য দেয়া হয়েছে।

প্রসঙ্গত, গত ১০ অক্টোবর সন্ধ্যা সাড়ে ৬টার পরে হরিহরা গ্রামের কয়েম মন্ডলের স্ত্রী বেলী খাতুন অভিযোগ করেন, তার ৪ বছরের শিশু কে ধর্ষণের চেষ্টা করা হয়েছে। পাশের বাড়িতে বসবাসকারী রাশেদ মন্ডলের ছেলে নয়ন মন্ডল শিশুটিকে তার বাড়িতে নিয়ে ধর্ষণের চেষ্টা করে। অবশ্য এ অভিযোগ প্রথম থেকে অস্বীকার করে আসছে রাশেদ মন্ডলে পরিবার । তাদের দাবি আপন আত্মীয় হওয়ায় শিশুটি সব সময় কোলেপিঠে করে তারা আদরযত্ন করে কিন্তু বাড়ির জমাজমি নিয়ে দীর্ঘ বিরোধে ফাঁসাতে এমন অভিযোগ আনা হয়েছে।

এ ঘটনায় শিশুটির মা বেলী খাতুন থানায় নারী ও শিশু নির্যাতন আইনে

ধর্ষণ প্রচেষ্টার মামলা করে নয়ন মন্ডলের বিরুদ্ধে । পুলিশ মামলা গ্রহণ করে নয়ন মন্ডল কে গ্রেফতার করেছে ।

পুলিশ জানিয়েছে শিশু ধর্ষণ প্রচেষ্টার অভিযোগের প্রেক্ষিতে মামলা নেয়া হয়েছে, অভিযুক্ত যুবক গ্রেফতার হয়েছে, বিস্তারিত তদন্তের পর আরো বিস্তারিত জানা যাবে।